

🗏 আল-জ্বিন | Al-Jinn | ٱلْجِنّ

আয়াতঃ ৭২: ২২

আ আরবি মূল আয়াত:

قُل إِنِّي لَن يُّجِيرَنِي مِنَ اللَّهِ اَحَدٌ وَّ لَن اَجِدَ مِن دُونِهِ مُلتَحَدًا ﴿٢٢﴾

বল, 'নিশ্চয় আল্লাহর কাছ থেকে কেউ আমাকে রক্ষা করতে পারবে না এবং তিনি ছাড়া কখনো আমি কোন আশ্রয়ও পাব না। — আল-বায়ান

বল- আল্লাহর (শান্তি) থেকে কেউ আমাকে রক্ষা করতে পারবে না (যদি আমি তাঁর অবাধ্য হই) এবং তাঁর আশ্রয় ছাড়া আমি কোন আশ্রয়ও পাব না। — তাইসিক্রল

বলঃ আল্লাহর শাস্তি হতে কেহ আমাকে রক্ষা করতে পারবেনা এবং আল্লাহ ব্যতীত আমি কোন আশ্রয় পাবনা। — মুজিবুর রহমান

Say, "Indeed, there will never protect me from Allah anyone [if I should disobey], nor will I find in other than Him a refuge. — Sahih International

২২. বলুন, আল্লাহর পাকড়াও হতে কেউই আমাকে রক্ষা করতে পারবে না এবং আল্লাহ ছাড়া আমি কখনও কোন আশ্রয় পাব না(১),

(১) অর্থাৎ আমি কখনো এ দাবী করি না যে; আল্লাহর প্রভুত্বে আমার কোন দখলদারী বা কর্তৃত্ব আছে, কিংবা মানুষের ভাগ্য ভাঙা বা গড়ার ব্যাপারে আমার কোন ক্ষমতা আছে। আমি তো আল্লাহর একজন রাসূল মাত্র। আমার ওপর যে কাজের দায়িত্ব অর্পণ করা হয়েছে তা তোমাদের কাছে আল্লাহ তা'আলার বাণী পৌছিয়ে দেয়ার অধিক আর কিছুই নয়। আল্লাহর ক্ষমতা ও কর্তৃত্বের ব্যাপার তো পুরোপুরি আল্লাহরই করায়ত্ব। আমি যদি তাঁর নাফরমানি করি তবে তাঁর শান্তির ভয় আমি করি। [সা'দী, ইবন কাসীর]

তাফসীরে জাকারিয়া

- (২২) বল, 'আল্লাহর (শাস্তি) হতে কেউই আমাকে রক্ষা করতে পারবে না[1] এবং আল্লাহ ব্যতীত আমি কোন আশ্রয়স্থলও পাব না।
 - [1] যদি আমি তাঁর অবাধ্যতা করি এবং তিনি এর কারণে আমাকে শাস্তি দিতে চান।

তাফসীরে আহসানল বায়ান





• Source — https://www.hadithbd.com/quran/link/?id=5469

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন